যুগান্তর

তারিখ ..04 OCT 2016...
পৃষ্ঠা ..৭..কলাম...৫...

# শিবপুরে শিক্ষক নিয়োগে অনিয়ম

**নরসিংদী প্রতিনিধি**

নরসিংদীর শিবপুরে আটাশিয়া উচ্চ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি সভাপতি নাজিউর রহমান ও কতিপয় শিক্ষক কর্মকর্তার বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যের অভিযোগ পাওয়া গেছে। তারা অবৈধভাবে প্রধান শিক্ষক ও অফিস সহকারী নিয়োগ দিয়ে প্রায় সাড়ে ১০ লাখ টাকা হাতিয়ে নিয়েছে বলেও অভিযোগ পাওয়া গেছে। অতি সত্বর অবৈধ নিয়োগ বাতিলের দাবিতে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও নরসিংদী জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ দায়ের হয়েছে।

অভিযোগে বিদ্যালয় ম্যানেজিং কমিটি ও নিয়োগ কমিটির সদস্য মো. আবু বক্কর ছিদ্দিক ও আবদুর রশিদ বলেন, অভিযোগ করার পরও অজ্ঞাত কারণে প্রধান শিক্ষকসহ দুটি পদেই অবৈধ নিয়োগ নিয়ে বহাল তবিয়তে চাকরিরত আছে।

জানা যায়, আটাশিয়া উচ্চ বিদ্যালয়ে শূন্য পদে প্রধান শিক্ষক ও নিম্ন সহকারী কাম-কম্পিউটার অপারেটর নিয়োগ করা হবে মর্মে ২৩ মার্চ ২০১৬ তারিখে জাতীয় দৈনিক পত্রিকায় একটি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী, ১১ এপ্রিল ২০১৬ তারিখ সকাল ১০টায় প্রয়োজনীয় কাগজপত্রসহ বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে মর্মে আহ্বান করা হয়। এতে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মো. নাজিউর রহমানের পছন্দের প্রধান শিক্ষক প্রার্থী মো. মুজাহিদ প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে উপস্থিত হতে বিলম্ব হওয়ায়, অজ্ঞাত কারণে পরীক্ষা স্থগিত করে ১৭ এপ্রিল তারিখ পরীক্ষার দিন ধার্য করেন। অভিযোগে উল্লেখ করা হয়েছে ম্যানেজিং কমিটির সভাপতি ওই প্রধান শিক্ষক প্রার্থীর কাছ থেকে ৮ লাখ টাকা ও অফিস সহকারীর কাছ থেকে ২ লাখ পঞ্চাশ হাজার টাকা উৎকোচ গ্রহণ করে সভাপতি প্রভাব খাটিয়ে মো. মুজাহিদকে প্রধান শিক্ষক ও শাওনকে অফিস সহকারী হিসেবে নির্বাচিত করে নিয়োগ দেন।

এ বিষয়ে শিবপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মাহমুদা আক্তার বলেন, স্কুলের ম্যানেজিং কমিটির মধ্যে কোন্দল থাকতে পারে। প্রথমবারে পরীক্ষা পেছানো হয়েছে ম্যানেজিং কমিটির গাফিলতির কারণে। এতে আমাদের কোনো দুর্বলতা ছিল না। এছাড়া আমার বিরুদ্ধে আনা অভিযোগ সঠিক নয়।

বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি সভাপতি নাজিউর রহমান বলেন, এই নিয়োগ নিয়ে জেলা প্রশাসকসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ অবগত আছেন। আমার জানা মতে, আমি কোনো অনিয়মের সঙ্গে জড়িত নই। আইন সম্মতভাবেই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এ ব্যাপারে ম্যানেজিং কমিটির রেজুলেশনও রয়েছে।